

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৬৬৬

ধর্মনগর, ২২ জানুয়ারি, ২০২৪

**ধর্মনগরে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন**

সারা রাজ্যের সাথে গতকাল বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে ধর্মনগরেও ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে আয়োজিত হয় অনুষ্ঠান। বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অনুষ্ঠানের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যোৎ দে সরকার, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, জেলাশিক্ষা আধিকারিক সুখময় নাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমর চক্রবর্তী।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সর্বদিক থেকে এগিয়ে যাচ্ছে আমাদের দেশ। জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা সবার কাছে পৌঁছে দেওয়া হচ্ছে প্রতি ঘরে সুশাসন কর্মসূচির মাধ্যমে। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। অনুষ্ঠানে আলোচনাচক্র ছাড়াও অনুষ্ঠিত হয় কুইজ, বিতর্ক প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও ২০ জানুয়ারি পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে বিবেকানন্দ ভবনে অংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*